তুমি এমন ব্যক্তি যে, তোমার ভেতর জাহেলিয়াত রয়েছে। তারা তোমাদের ভাই ও অনুসারী, আল্লাহ তাদেরকে তোমাদের অধীন করেছেন। অতএব, যার অধীনে তার ভাই থাকবে, সে তাকে তাই খাওয়াবে যা সে খায় এবং সে তাকে তাই পরাবে যা সে পরিধান করে। আর তাকে কাবু করে ফেলে এমন দায়িত্ব দিবে না, যদি তোমরা তাকে এরূপ দায়িত্ব দাও, তাকে সাহায্য কর।

মারুর ইবন সুওয়াইদ থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আবু যার রাদিয়াল্লাহু আনহুকে দেখেছি, তার গায়ে একটি জামা এবং তার অনুরূপ জামা তার গোলামের গায়ে। আমি তাকে এ সম্পর্কে জিজ্ঞেস করেছি, তিনি তখন বললেন যে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগে এক ব্যক্তিকে তার মায়ের কথা উল্লেখ করে তিরস্কার করেছিলেন, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তুমি এমন ব্যক্তি যে, তোমার ভেতর জাহেলিয়াত রয়েছে। তারা তোমাদের ভাই ও অনুসারী, আল্লাহ তাদেরকে তোমাদের অধীন
করেছেন। অতএব, যার অধীনে তার ভাই থাকবে, সে তাকে তাই খাওয়াবে যা সে খায় এবং সে তাকে
তাই পরাবে যা সে পরিধান করে। আর তাকে কাবু করে ফেলে এমন দায়িত্ব দিবে না, যদি তোমরা তাকে এরূপ দায়িত্ব দাও, তাকে সাহায্য কর।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এ হাদীসে গোলামদের সাথে পোশাক ও খাবারের ক্ষেত্রে ভালো আচরণ করতে উৎসাহিত করা হয়েছে এবং তারা তাদেরকে তাদের সাধ্যাতীত দায়িত্ব দিবে না, যদি দেয় তাহলে তাদেরকে সাহায্য করবে। যে তাদেরকে তিরস্কার ও হেয় করবে, হাদীসে তার প্রতি হুশিয়ারী উচ্চারণ করা হয়েছে। কারণ, তারা আমাদের দীনি ভাই।

http://www.sunnah.global/hadeeth/bn/show/6407